

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
www.sonargaon.narayanganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০১.০৬.০০২.২৫- ১৮৫

তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রি.


বিষয়ঃ ২০২৬ সনের এসএসসি পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ১১/০৪/২০২৬ খ্রি. তারিখ হতে সোনারগাঁ উপজেলার ০৯টি কেন্দ্রে ২০২৬ সালের এসএসসি/এসএসসি(ভোক) ও দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হয়। তার মধ্যে কাঁচপুর ওমর আলী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে সৃজনশীল প্রশ্ন বিতরণের সময় ঢাকা শিক্ষা বোর্ডের ২০২৬ সালের নিয়মিত ১৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ২০২৫ সালে প্রশ্ন সরবরাহ করা হয়। যা পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ ঘন্টা ২৫ মিনিট পর বেলা ১১:৫৫ ঘটিকায় কেন্দ্র সচিবের দৃষ্টিগোচর হলে তাৎক্ষণিক তা পরিবর্তন করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের টেলিফোনিক পরামর্শে ২০২৬ সালের প্রশ্নপত্র সরবরাহপূর্বক অতিরিক্ত ০১ ঘন্টা ২৫ মিনিট সময় বৃদ্ধি করে পরীক্ষা সমাপ্ত করা হয়।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত “মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২৬” এর ১৫ নং অনুচ্ছেদে বর্ণিত কেন্দ্র সচিবদের প্রতি জরুরী নির্দেশনার ১৫.৭(খ) মোতাবেক “নিয়মিত পরীক্ষার্থীরা ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে অংশগ্রহণ করবে”। সে মোতাবেক বর্ণিত দায়িত্ব সুস্পষ্টভাবে কেন্দ্রসচিবের উপর বর্তায়।

এমতাবস্থায়, কাঁচপুর ওমর আলী উচ্চ বিদ্যালয়ের কেন্দ্র সচিব জনাব আব্দুল মতিন সরকারকে তাঁর এহেন কর্মকাণ্ডের জন্য কেন্দ্রসচিব তথা পরীক্ষা সংশ্লিষ্ট সকল প্রকার দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হয়। ইহা মহোদয়ের সদয় অবগতি ও তৎপরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো।

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।



(আসিফ আল জিনাত)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০১.০৬.০০২.২৫- ১৮৫/১(২০)

তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রি.

স্বাক্ষরার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা শিক্ষা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনারগাঁ।
- ৩। প্রধান শিক্ষক/কেন্দ্র সচিব-----উচ্চ বিদ্যালয়, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৪। অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
www.sonargaon.narayanganj.gov.bd


স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০১.০৬.০০২.২৫-২৮৪

তারিখঃ ২১/০৪/২০২৬ খ্রি.

অফিস আদেশ

২০২৬ সালের এসএসসি/এসএসসি(ভোক) ও দাখিল পরীক্ষায় এ কার্যালয়ে ১৯/০৪/২০২৬ তারিখের ০৫.৪১.৬৭০৪.০০১.০৬.০০৩.২৪-২৭০ নং স্মারকের ০২ ও ০৭ নং ক্রমিকের দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রসচিবদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদানপূর্বক নিম্নবর্ণিত শিক্ষকদের কেন্দ্র সচিবের দায়িত্ব প্রদান করা হলো।

ক্রমিক	কেন্দ্রের নাম	দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের পদবী ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর
০১.	কাঁচপুর ওমর আলী উচ্চ বিদ্যালয়	কেন্দ্র সচিব : প্রধান শিক্ষক, পঞ্চমীঘাট উচ্চ বিদ্যালয়। মোবাইল-০১৮১৮-৩৬৭৯৬১
০২.	হোসেনপুর শঙ্কপুরা পিরোজপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়	কেন্দ্র সচিব : প্রধান শিক্ষক, নোয়াগাঁও উচ্চ বিদ্যালয়। মোবাইল-০১৮১৩-০৩৭৪১১


(আসিফ আল জিনাত)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০১.০৬.০০২.২৫-২৮৪/১(২০)


তারিখঃ ২১/০৪/২০২৬ খ্রি.

সদয় জ্ঞাতার্থে :

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
- ২। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।

কার্যার্থে :

- ১। সহকারী কমিশনার(ভূমি), উপজেলা ভূমি অফিস, সোনারগাঁ/কাঁচপুর রাজস্ব সার্কেল, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনারগাঁ।
- ৩। অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা, নারায়ণগঞ্জ।
- ৪। প্রধান শিক্ষক/কেন্দ্রসচিব-----উচ্চ বিদ্যালয়, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৫। অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।